যুগান্তর

NOV. 01 2006

# শাবি ৬ মাস পর আজ খুলছে

## আড়াই বছরের সেশনজটের কবলে শিক্ষার্থীরা

রমাপ্রসাদ বাবু, *শাবি থেকে*

শিক্ষার্থীদের ওপর প্রায় আড়াই বছরের সেশনজট চাপিয়ে দিয়ে ৬ [illegible] আজ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি) খুলছে। [illegible] পরীক্ষা ৫ নভেম্বর থেকে শুরুর সম্ভাবনা রয়েছে। বিতর্কিত ভিসি [illegible] আন্দোলনকে কেন্দ্র করে এ অচলাবস্থা দেখা দেয়। গত ২৩ অক্টোবর নতুন ভিসি নিয়োগের পর জটিলতার অবসান ঘটে। শাবিতে যোগদানকারী নতুন ভিসি প্রফেসর ড. আমিনুল ইসলাম আজই প্রথম অফিস করবেন। পাশাপাশি ছাত্রছাত্রীদের ক্লাস পরীক্ষার ব্যাপারে আজই একাডেমিক কাউন্সিলের বৈঠকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজ করবেন। তবে সাধারণ শিক্ষার্থী এবং ছাত্র সংগ্রাম পরিষদের দাবিগুলো পূরণ না হওয়ায় ক্যাম্পাস খোলার পরই তারা দুর্নীতিবাজ শিক্ষক কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবিতে আন্দোলন শুরু করবে বলে জানা যায়। 'সেশনজটমুক্ত বিশ্ববিদ্যালয়' খ্যাত শাবি'র সে সুনাম আর নেই। ১৯৯১ সালে প্রতিষ্ঠার পর প্রথম ৩/৪টি ব্যাচ নির্দিষ্ট সময়ের আগেই বেরিয়ে গেলে বিশ্ববিদ্যালয়ের খ্যাতি ছড়িয়ে পড়ে। কিন্তু ১৯৯৭ থেকেই বিভিন্ন কারণে শাবি'র অগ্রযাত্রা ব্যাহত হয়। বন্যা, নামকরণবিরোধী আন্দোলন, ২০০১ সালে সরকার পরিবর্তন, গ্রেডিং সিস্টেম আন্দোলন, বিভিন্ন সংঘর্ষ, হত্যা, ধর্ষণ, খুন প্রভৃতি কারণে দিনের পর দিন সেশনজট বৃদ্ধি পায়। গত ১৪ মে গুলিতে নিহত শামীমের মৃত্যুর পর ভিসি অপসারণ আন্দোলনে আরও প্রায় ৬ মাস নিষ্ফল কেটে যায়। ফলে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীদের বর্তমানে সেশনজটের বোঝা প্রায় আড়াই বছর। ক্রমান্বয়ে অন্যান্য শিক্ষাবর্ষের সেশনজট রয়েছে বিভিন্ন মেয়াদে। তবে সবচেয়ে দুর্ভাগ্যজনক ব্যাচ ২০০৫-২০০৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা। দীর্ঘ ৫ মাস পেরিয়ে গেলেও এখনও এ ব্যাচের ক্লাসই শুরু হয়নি। আজ ক্যাম্পাস খুললেও একাডেমিক মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকরা আজ বৈঠক করে তাদের দাবি পূরণ হওয়ায় শিক্ষা কার্যক্রমে ফিরে যাওয়ার আনুষ্ঠানিক ঘোষণা দিতে পারেন অন্যদিকে নবনিযুক্ত ভিসি আজই প্রথম অফিস করবেন। ২৭ অক্টোব বন্ধের মাঝে তিনি ক্যাম্পাসে গিয়ে দু'দিন অবস্থান করে বিভিন্ন দল-মতে শিক্ষক কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে শাবি পরিস্থিতি নিয়ে আলোচনা করেন ক্যাম্পাস পরিস্থিতি নিয়ে নতুন ভিসি ড. আমিনুল ইসলাম যুগান্তরকে জানান, 'ক্যাম্পাস নিয়ে সবার সঙ্গে আলাপ-আলোচনা করেছি। আমি আশাবাদী যথাশিগগির স্বাভাবিক পরিবেশ ফিরে আসবে। আজ করণীয় বিষয়ে জরুরি বৈঠক করব।' শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ভিসি অপসারণ ঘটলেও তারা সাজেদুল করিমের প্রক্টর পদসহ সব পদ থেকে অব্যাহতি এবং শামীম হত্যার বিচার দাবিতে আন্দোলন শুরু করবে। ছা সংগ্রাম পরিষদও তাদের আন্দোলন প্রত্যাহার করেনি। এ অবস্থায় ক্যাম্পা খুললেও শংকিত শিক্ষক-শিক্ষার্থী। দেশের চলমান রাজনৈতিক সংকটে অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ছুটির মেয়াদ বাড়ানো হচ্ছে। এছাড় সরকারের পটপরিবর্তনে বিরোধী ছাত্র সংগঠনের রয়েছে হল দখলের জো প্রচেষ্টা। সংশ্লিষ্ট মহলের ধারণা, শাবিতেও রাজনৈতিক সংগঠনগুলো মধ্যে সহাবস্থান নিয়ে ক্যাম্পাস উত্তপ্ত হয়ে উঠতে পারে। এ অবস্থায় নতু ভিসির জন্য ক্যাম্পাসকে স্থিতিশীল রাখা বিরাট চ্যালেঞ্জ। নতুবা সংঘা অনিবার্য। চলমান ১৭২ দিনের অচলাবস্থায় ছাত্রলীগ তাদের অনির্দিষ্টকালে ছাত্র ধর্মঘট এখনও প্রত্যাহার করেনি। গত ১২ মে সিলেট জালালাবা রাগীব-রাবেয়া মেডিকেল কলেজ এবং শাবি ছাত্রদের মধ্যে সংঘর্ষের প গুলিতে এক ছাত্র মারা যায়। পরে প্রশাসনিক ব্যর্থতার কারণে শিক্ষার্থীদে গণআন্দোল. পূর্ববর্তী ভিসি ড. মুসলেহ উদ্দিন আহমদ পদত্যাগ করেন কিন্তু তিনি আবারও ফিরে এলে ছাত্র শিক্ষক কর্মকর্তা-কর্মচারী সবা